বিষয় :- বড়ো বড়ো সংখ্যার ল.সা.গু ।

১। ক) বড়ো বড়ো সংখ্যার সাহায্যে ল.সা.গু নির্ণয়ের জন্য আমরা সংক্ষিপ্ত পদ্ধতির সাহায্য নেব।

খ) ল.সা.গু নির্ণয় করো:

৭৫, ১২০, ১৭৫

i) ৩ |৭৫,১২০,১৭৫

৫ |২৫,৪০,১৭৫

৫ | ৫, ৮ , ৩৫

১, ৮ , ৭

[ এমন মৌলিক সংখ্যা দিয়ে ভাগ করবো যা দিয়ে কমপক্ষে দুটি সংখ্যা বিভাজ্য ]

∴ মৌলিক ভাজকগুলি হল- ৩, ৫, ৫

শেষ ভাগফলগুলি হল- ১, ৮, ৭

∴ নির্ণীত ল. সা.গু হল-

মৌলিক ভাজকগুলি ও শেষ ভাগফলগুলির গুণফল

= ৩×৫×৫×১×৮×৭

= ৩×৫×৫×৮×৭

= ৪২০০

[ ১ দিয়ে গুণ করলে গুণফলের কোনো পরিবর্তন হয় না। তাই ১দিয়ে গুণ করবো না]

উ:- নির্ণীত ল.সা.গু-৪২০০

[ নিজেরা করবে ]

ii) ৩৬, ৫৪, ১০৮

iii) ৬৬, ১৩২, ২৮০

iv) ১২০, ১৪৪, ১৮০

ল.সা.গু(সমস্যার অঙ্ক)

১। একজন কৃষক বাজার থেকে কিছু লঙ্কা চারা নিয়ে এসে দেখলেন চারাগুলিকে ৬, ৮ বা ১০টি সমান সারিতে লাগানো যায়। তিনি কমপক্ষে কতগুলি লঙ্কাচারা এনেছিলেন?

উঃ-কৃষক চারাগুলিকে ৬, ৮ বা ১০টি সারিতে সমান ভাবে লাগাতে পারেন, অর্থাৎ কমপক্ষে চারার সংখ্যা হবে ৬, ৮ও ১০-এর ল.সা.গু।

২|৬,৮,১০

―――――

৩,৪,৫

∴ ল.সা.গু- ২×৩×৪×৫ = ১২০

উঃ-কৃষকটি কমপক্ষে ১২০টি লঙ্কাচারা এনেছিলেন।

এইভাবে নিজের অঙ্ক নিজে কর বই থেকে সমস্যার ল.সা.গু-র অঙ্ক অভ্যাস করবে।